উপজেলা পরিষদ কার্যালয়
রামু, কক্সবাজার

# উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

সভাপতি : জনাব সোহেল সরওয়ার কাজল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
তারিখ : ২২ মার্চ ২০২১ খ্রি., সোমবার, সময় : বেলা ১২.০০ টা
সভার উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক" তে সন্নিবেশিত।

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর ২য় ঢেউ মোকাবেলায় সকলকে স্বাস্থ্য সচেতন হওয়ার জন্য এবং সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য অনুরোধ জানান। সভায় উপজেলা নির্বাহী অফিসার সারাদেশে কোভিড-১৯ (করোনা ভাইরাস) প্রাদুর্ভাব ছড়িয়ে পড়ার আশংকা থাকায় স্বাস্থ্য বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশনা মেনে চলার জন্য উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং কোভিড- ১৯ পরিস্থিতিতে সামাজিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্য বিধি মেনে করোনা রোগীরা যাতে হাসপাতালে ও নিজ বাড়ীতে আইসোলেশনে থাকে সে ব্যাপারে উপস্থিত চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা কামনা করেন। তাছাড়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে কোভিড-১৯ (করোনা ভাইরাস) সম্পর্কে এলাকার জনগণকে সচেতন করার জন্য এলাকায় ব্যাপক প্রচারের ব্যবস্থা করা এবং জনসমাগম এলাকায় হাত ধোয়ার স্থান নির্ধারণ করে দেয়া ও পর্যাপ্ত পরিমাণ স্যানিটাইজারের ব্যবস্থা রাখার জন্য অনুরোধ জানান। তিনি বর্তমান সরকারের উন্নয়নের ধারা বজায় রাখার জন্য সবাইকে সম্মিলিতভাবে কাজ করার অনুরোধ জানান। অতঃপর সভায় বিগত ২৮ ফেব্রুয়ারি ২০২১ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত মাসের সভার কার্যবিবরণীতে কোন আপত্তি না থাকায় সভায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে বিভিন্ন বিভাগের কার্যক্রমের উপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | (ক) সভায় উপজেলা প্রকৌশলী জানান, উন্নয়ন তহবিলের আওতায় প্যাকেজ নং উন্নয়ন তহবিল/২০২০-২০২১/১৮ এর রশিদনগর ইউনিয়নের জেটিরাস্তা হাজী হোছন আলী সড়কের ইউ ড্রেইন ও প্লা ওয়াল দ্বারা উন্নয়ন (খ) মাছুয়াখালী মাদরাসার পুকুরের পূর্বপাড়ে প্লা ওয়াল দ্বারা উন্নয়ন কাজটি বাস্তবায়নের জন্য দরপত্র আহবান করা হয়েছে। তৎপ্রেক্ষিতে চেয়ারম্যান রশিদনগর ইউপি জানান যে, রশিদনগর ইউনিয়নের জেটিরাস্তা হাজী হোছন আলী সড়কের ইউ ড্রেইন ও প্লা ওয়াল দ্বারা উন্নয়ন কাজে প্রাক্কলিত মূল্য ৪,০০,০০০/- টাকার প্লা ওয়াল নির্মাণ করার জন্য দরপত্র আহবান করা হয় উক্ত টাকার মধ্যে দুই লক্ষ টাকার প্লা ওয়াল ও দুই লক্ষ টাকার ইউ-ড্রেইন নির্মান করার জন্য আবেদন করেন সেই মতে পূর্বের অনুমোদিত প্রাক্কলনটি সংশোধন পূর্বক সংশোধিত প্রাক্কলন উপজেলা প্রকৌশলী সভায় উপস্থান করেন। সভায় তা অনুমোদিত হয়। উপজেলা প্রকৌশলীকে সংশোধিত প্রাক্কলন মোতাবেক প্রকল্পের কাজটি দ্রুত গতিতে সমাপ্ত করার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) সভায় উপজেলা প্রকৌশলী জানান, বার্ষিক উন্নয়ণ কর্মসূচী (এডিপি) ও উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত সকল প্রকল্পের কাজ দ্রুত গতিতে চলমান রয়েছে। সকল ঠিকাদারকে নিধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করার জন্য তাগিদ প্রদান করা হয়েছে। আগামী বর্ষা মৌসুমের পূর্বে সকল কাজ দ্রুত সম্পাদন করার নিমিত্তে কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারগণকে স্ব স্ব চেয়ারম্যানগণকে সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ করা হয়। | ০১। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার<br>০২। উপজেলা প্রকৌশলী, রামু, কক্সবাজার<br>০৩। সহকারী কমিশনার (ভূমি), রামু, কক্সবাজার |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ভ্যাকসিন গ্রহণে জনগণকে উদ্বোদ্ধ করার জন্য ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। ১ম ধাপে ৪০ বছরের উর্দ্ধে বাংলাদেশি নাগরিক ও সরাসরি কোভিড-১৯ এর কাজে জড়িত ব্যক্তিদের ভ্যাকসিন দেয়া হচ্ছে। তিনি জানান, ভ্যাকসিন নেয়া ব্যক্তিদের কোভিডে আক্রান্ত হলেও সংকটাপন্ন হওয়ার সম্ভাবনা কম। ভ্যাকসিন নেয়ার জন্য জনগণকে উদ্বোদ্ধ করার লক্ষ্যে প্রতিটি ইউনিয়নে মাইকিং করা হচ্ছে। করোনা রোগীদের সেবায় রামু করোনা ডেডিকেটেড হাসপাতালে ১০০০ লিটারের সেন্ট্রাল অক্সিজেন প্লান্ট প্রস্তুত রাখা হয়েছে। আইসোলেশন সেন্টারে ০২ জন ডাক্তার ও ০৪ জন নার্স প্রস্তুত রয়েছে।<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সরকারি নির্দেশনা মোতাবেক ভ্যাকসিন প্রদান করবেন এবং করোনা ভাইরাস প্রতিরোধের জন্য জনসচেতনতামূলক কার্যক্রম বৃদ্ধি করবেন ও করোনা রোগীদের চিকিৎসার জন্য আইসোলেশন সেন্টার প্রস্তুত রাখবেন ও কমিউনিটি হেলথ ক্লিনিকে রোগীদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করবেন। | ১। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ০৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, বোরো আবাদ চলমান রয়েছে। ৬০০০ হেক্টর লক্ষ্যমাত্রার ফসল কর্তন শীঘ্রই শুরু হবে। বর্তমানে সারের কোন সংকট নেই। যেসকল ওয়ার্ডে খুচরা সার ডিলার শূণ্য রয়েছে সেসকল ওয়ার্ডে পুনরায় সার ডিলার নিয়োগের কার্যক্রম চলমান। তিনি এব্যাপারে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। যেসকল সার ডিলার সারের দাম বেশি নিচ্ছে অভিযোগের ভিত্তিতে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে এবং নিয়মিত সার ডিলারদের মনিটরিং কার্যক্রম চলমান। সভায় সভাপতি উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা নিয়মিত আহ্বানের জন্য অনুরোধ জানান।<br>খুচরা সার ডিলার নিয়োগের ব্যাপারে স্ব-স্ব ইউপি চেয়ারম্যানগণ উপজেলা কৃষি কর্মকর্তাকে সহযোগিতা প্রদান করবেন। উপজেলা কৃষি কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করবেন এবং নিয়মিত উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা আহ্বান করবেন। | ১। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার<br>২। উপজেলা কৃষি কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ০৪. | প্রাণি সম্পদ বিভাগ | সভায় প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান, চলতি মাসে ৪৯৭৫ টি গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে, ৭৯৩০০টি হাঁস-মুরগির টীকা প্রদান করা হয়েছে, ২৪০০টি গবাদি পশুর চিকিৎসা প্রদান করা হয়েছে এবং ২৩৬ টি গাভীকে কৃত্রিম প্রজনন চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা গবাদি পশু এবং হাঁস-মুরগীর চিকিৎসা সেবা সুষ্ঠভাবে প্রদান করবেন। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রামু, কক্সবাজার |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৫. | মৎস্য বিভাগ | সভায় উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি জানান, নিবন্ধিত জেলেদের তালিকা উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। জাটকা নিধন কার্যক্রমের অংশ হিসেবে নিয়মিত অভিযান চালানো হচ্ছে। মৎস্য ও চিংড়ি খামার/পুকুর চাষীদের মৎস্য খামারের নিয়মিত মাটি ও পানি পরীক্ষাসহ মাছ রোগাক্রান্ত হলে প্রতিরোধের বিষয়ে সহযোগিতা প্রদান করা হচ্ছে।<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সুষ্ঠুভাবে বিভাগীয় কার্যক্রম সম্পন্ন করবেন এবং নিয়মিত বাজার পরিদর্শনপূর্বক আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ০৬. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, টিআর/কাবিটা প্রকল্পের কাজ সরেজমিনে পরিদর্শন করা হচ্ছে। ২০২০-২১ অর্থ বছরের ১ম ও ২য় কিস্তির টি/আর কাবিটার কাজ চলমান এবং ৩য় কিস্তির কাজ শীঘ্রই শুরু করা হবে। তিনি এব্যাপারে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের সহযোগিতা কামনা করেন।<br>ট্যাগ অফিসারগণ নিয়মিত টিআর/কাবিখা প্রকল্পসমূহ পরিদর্শন করবেন। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা টিআর/কাবিটার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এব্যাপারে সহযোগিতা প্রদান করবেন। | ০১। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, রামু<br>০২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রামু, |
| ০৭. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, অনলাইন পাঠদান চলমান রয়েছে। নতুন ছাত্র-ছাত্রী ভর্তির জন্য ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত অনলাইন জন্ম নিবন্ধন সনদের প্রয়োজন রয়েছে। তিনি এব্যাপারে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। উপজেলা প্রকৌশলী বিদ্যালয়ের ডিজাইন তার কার্যালয়ের সাথে সমন্বয়পূর্বক নির্মাণের জন্য অনুরোধ জানান। সভাপতি নিয়মিত শিক্ষা কমিটির সভা আহ্বানের অনুরোধ জানান।<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা নিয়মিত শিক্ষা কমিটির সভা আহ্বান করবেন এবং ছাত্র-ছাত্রীদের ভর্তির জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ জন্মনিবন্ধন সনদ প্রদান করবেন। এনজিও কর্তৃক ভবন নির্মাণে উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের সাথে ডিজাইন সমন্বয়ের বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ০১। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, রামু<br>০২। উপজেলা শিক্ষা কর্মকর্তা, রামু, কক্সবাজার<br>০৩। উপজেলা প্রকৌশলী, রামু, কক্সবাজার |
| ০৮. | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, চলতি মাসে গর্ভবতীর সংখ্যা ৩১৭ জন, মোট গর্ভবতী ১৩০৫ জন। ১৩৩৯ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। পরিবার পরিকল্পনা পদ্বতি গ্রহণকারীর সংখ্যা ৩৮১৮০ জন। মাঠ পর্যায়ে সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। উপজেলায় পরিবার পরিকল্পনা গ্রহণকারীর হার ৮২%।<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নিয়মিত ক্লিনিকসমূহ পরিদর্শন করে অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ০৯. | মহিলা বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, আইজিএ প্রশিক্ষণ চলমান রয়েছে। ২০২১-২০২২ চক্রের ভিজিডি'র উপকারভোগীদের মাঝে জানুয়ারি/২১ হতে মার্চ/২১ পর্যন্ত চাল বিতরণ করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। বিগত ০৮ মার্চ ২০২১ খ্রি. তারিখ অত্র উপজেলায় নারী দিবস অনুষ্ঠিত হয়েছে।<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা আইজিএ প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন এবং বিভিন্ন ভাতা প্রদানের বিষয়ে নিয়মিত সভা আহ্বান করবেন ও ২০২১-২০২২ চক্রের ভিজিডি কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ১০. | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, যুব ঋণ গ্রহীতার সংখ্যা ৭৬৩ জন। ঋণ আদায়ের হার ৯৫.৩%। পরিবার ভিত্তিক ঋণ গ্রহীতার সংখ্যা ৪৬৩ জন। আদায়ের হার ১০০%। চলতি মাসে ৬টি যৌতুক বিরোধী এবং করোনা বিষয়ক স্বাস্থ্য সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে।<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিতরণকৃত ঋণ আদায় কার্যক্রম ১০০% নিশ্চিত করবেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ১১. | সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান, রামু উপজেলায় নিবন্ধিত কেন্দ্রীয় সমবায় সমিতি (বি.আর.ডি.বি) ০২টি, নিবন্ধিত বি.আর.ডি.বিভূক্ত প্রাথমিক ২১৪টি, নিবন্ধিত প্রাথমিক সমবায় সমিতি ৭৩টি, মোট ২৮৯টি নিবন্ধিত সমিতি রয়েছে। আশ্রয়ণ/আবাসন প্রকল্পসমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। সমিতির নীট লাভের উপর ১০০% আদায় করে রাজস্ব খাতে জমা করা হচ্ছে। ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি ঋণ আদায় ১০০% নিশ্চিতের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ জানান।<br>উপজেলা সমবায় কর্মকর্তা ঋণ আদায়ের হার ১০০% নিশ্চিত করবেন। আশ্রয়ণ/আবাসন প্রকল্পসমূহ সরেজমিনে যাচাইপূর্বক সমস্যা চিহ্নিত করে পরবর্তী মাসের ০১ তারিখ উপজেলা নির্বাহী অফিসারের নিকট দাখিল করবেন। | উপজেলা সমবায় কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ১২. | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান, অনলাইন ভাতা প্রদান কার্যক্রম চলমান। MIS ফরম এন্ট্রি ১০০% চলমান। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সমাজ সেবার বিভিন্ন ভাতাদি বিতরণে সংশ্লিষ্ট কমিটির সাথে আলাদা আলাদা সভা আহ্বান করে বিভাজনসহ ভাতাভোগীদের যাচাই-বাছাই কার্যক্রম সম্পন্ন করার অনুরোধ জানান।<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সকল ভাতা বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্ত আলাদা আলাদা সভা আহ্বান করবেন এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ MIS কার্যক্রম ১০০% সম্পন্ন করবেন। | ১। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, রামু<br>২। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ১৩. | মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি জানান, অনলাইনে পাঠদান কার্যক্রম এবং এ্যাসাইনমেন্ট ভিত্তিক পড়ালেখা কার্যক্রম চলমান রয়েছে। করোনা ভাইরাসের কারণে সরকারি নির্দেশনা মোতাবেক বিগত ১৭ মার্চ ২০২০ খ্রি. তারিখ হতে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। প্রতিটি বিদ্যালয়ে ২০২১ সালের নতুন বই বিতরণ করা হয়েছে।<br>সুষ্ঠুভাবে অনলাইন শিক্ষা এবং এ্যাসাইনমেন্ট ভিত্তিক পড়ালেখা কার্যক্রম সম্পন্ন করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রামু, কক্সবাজার |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১৪. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সভায় উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, ২০১৯-২০২০ অর্থ বছরে পরিবেশ বান্ধব সোলার ডিস্যালাইনেশন ইউনিট স্থাপনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প হতে ২২টি ইউনিটের ৮৫% কাজ শেষ হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে পল্লী পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৭টি নলকূপের মধ্যে ১০টি'র কাজ শেষ হয়েছে। করোনা ভাইরাস প্রতিরোধে জনগণকে সচেতন করা হচ্ছে।<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) পরিবেশ বান্ধব সোলার ডিস্যালাইনেশন ইউনিট স্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করবেন এবং করোনা ভাইরাস প্রতিরোধে জনসাধারণকে সচেতন করবেন। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রামু, কক্সবাজার |
| ১৫. | আনসার ও ভিডিপি বিভাগ | সভায় আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, অস্ত্রসহ ভিজিডি মৌলিক প্রশিক্ষণ কক্সবাজার জেলা কার্যালয়ে চলমান রয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। সহকারী কমিশনার (ভূমি) জানান, উপজেলার অনুমোদিত মাষ্টার প্লান অনুযায়ী উপজেলা প্রকৌশলীসহ এবিষয়ে সরেজমিনে যাচাইপূর্বক উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় ভবন নির্মাণের বিষয়ে আগামী সভায় প্রতিবেদন দাখিল করা হবে।<br>সহকারী কমিশনার (ভূমি), রামু, উপজেলা প্রকৌশলী এবং উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নতুন উপজেলা পরিষদ ভবনের পূর্ব পার্শ্বে বর্তমান জরাজীর্ণ উপজেলা আনসার ও ভিডিপি অফিসের স্থানে উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় ভবন নির্মাণের বিষয়ে অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করবেন। | ০১। আনসার ও ভিডিপি কর্মকর্তা, রামু, কক্সবাজার<br>০২। উপজেলা প্রকৌশলী, রামু,<br>০৩। সহকারী কমিশনার (ভূমি), রামু |
| ১৬. | খাদ্য বিভাগ | সভায় ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাদ্য গুদাম জানান, বর্তমানে অত্র উপজেলায় খাদ্যের কোন সংকট নেই। খাদ্য গুদামের পর্যাপ্ত খাদ্য মজুদ রয়েছে। ১০ টাকা দামের খাদ্য বান্ধব কর্মসূচি চালু হয়েছে। তিনি এব্যাপারে ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। ধানের সরকারি ক্রয় মূল্য প্রতিকেজি ২৬/- (ছাব্বিশ) টাকা। সরকারি মূল্যের চেয়ে বাজার মূল্য বেশি হওয়ায় কৃষকরা খাদ্য গুদামে ধান দিতে আগ্রহী না। রামু উপজেলায় ধানের বরাদ্দ ৩৪০ মে. টন। উপজেলা নির্বাহী অফিসার অনিয়ম এড়াতে উপজেলা মনিটরিং কমিটির কার্যক্রম বৃদ্ধির অনুরোধ জানান।<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা মনিটরিং এর বিষয়ে আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন এবং সরকারি নির্দেশনা মোতাবেক প্রকৃত কৃষকদের নিকট হতে ধান ক্রয় করবেন। স্ব-স্ব ইউপি চেয়ারম্যানগণ খাদ্য বান্ধব কর্মসূচি সফল করার বিষয়ে সহযোগিতা প্রদান করবেন। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাদ্য গুদাম, রামু, কক্সবাজার<br>২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, রামু |
| ১৭. | বন বিভাগ | সভায় উপস্থিত রেঞ্জ কর্মকর্তাগণ জানান, অবৈধ কাঠ পাচাররোধে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। বর্ষা মৌসুমের পূর্বে পাহাড়ের চূড়ায় ঝুঁকিপূর্ণভাবে বসবাসরত সকল পরিবারকে নিরাপদ স্থানে সরিয়ে ফেলার জন্য ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন।<br>স্ব-স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ পাহাড়ের চূড়ায় ঝুঁকিপূর্ণভাবে বসবাসরত সকল পরিবারকে নিরাপদ স্থানে চলে যাওয়ার জন্য ব্যাপক প্রচার প্রচারনায় সহযোগিতা প্রদান করবেন। রেঞ্জ কর্মকর্তাগণ কাঠ পাচার রোধে অভিযান অব্যাহত রাখবেন। | ১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, রামু<br>০২। সকল রেঞ্জ কর্মকর্তা/ বিট কর্মকর্তা, রামু |
| ১৮ | পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় অগ্রগতি জানা যায়নি। আগামী সভা হতে নিয়মিত উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আগামী সভায় উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপন করবেন। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ১৯. | আমার বাড়ী আমার খামার প্রকল্প | সভায় সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প জানান, চলতি মাসে ২১০টি প্রকল্প পরিদর্শন করা হয়েছে এবং ৩১৮টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। ২৬,৭৫,০০০/- সঞ্চয় আদায় করা হয়েছে। ৭১,৪০,৯০০/- ঋণ আদায় করা হয়েছে। খেলাপী ঋণ আদায়ের জন্য সার্টিফিকেট মামলা রুজু কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি মাঠ পর্যায়ে ঋণ আদায়ের হার ১০০% নিশ্চিত করার জন্য অনুরোধ জানান।<br>সমন্বয়ক, আমার বাড়ি আমার খামার নিয়মিত প্রকল্প পরিদর্শন করবেন এবং আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | সমন্বয়ক, আমার বাড়ি আমার খামার, রামু, কক্সবাজার |
| ২০ | তথ্য আপা প্রকল্প সংক্রান্ত | সভায় উপজেলা তথ্য সেবা কর্মকর্তা জানান, ১৮৩টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। উঠান বৈঠকের মাধ্যমে করোনা ভাইরাসের বিষয়ে জনসাধারণকে সচেতনতা, হটলাইন নাম্বার এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ঠিকানাসহ সব ধরণের তথ্য প্রদান করা হচ্ছে। চলতি মাসে সেবা গ্রহিতার সংখ্যা ৯৭৫ জন।<br>তথ্য আপা কর্মকর্তা মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করবেন এবং আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | তথ্য সেবা কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ২১. | বিদ্যুৎ বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) জানান, সকল মসজিদ-মন্দিরসমূহকে প্রি-পেইড মিটারের আওতায় আনার জন্য ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। বিদ্যুৎবিহীন কোন পরিবার থাকলে সরসরি আবাসিক প্রকৌশলী বরাবর আবদন করলে বিদ্যুৎ সংযোগ দেয়া হচ্ছে মর্মে সভায় জানান। অবৈধ টমটম চার্জের কোন তথ্য পাওয়া গেলে সাথে সাথে বিদ্যুৎ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ জানান।<br>আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), বৈধ লাইসেন্স দেখে টমটম চার্জের জন্য বিদ্যুৎ সংযোগ প্রদান করবেন। | ১। চেয়ারম্যান (সকল), ইউপি, রামু<br>২। আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), রামু |
| ২২. | পরিসংখ্যান বিভাগ | সভায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি জানান, জনশুমারী ২০২১ এর প্রথম জোনাল অপারেশনের কাজ সম্পন্ন হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ২৩. | নির্বাচন অফিস | সভায় উপজেলা নির্বাচন কর্মকর্তা অনুপস্থিত থাকায় অগ্রগতি জানা যায়নি। সভাপতি ভুয়া জন্মনিবন্ধন সনদ এবং নকল কাগজপত্র দাখিল করে কোন রোহিঙ্গা যাতে ভোটার হতে না পারে সেব্যাপারে সজাগ থাকার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাচন কর্মকর্তা আগামী সভায় এবিষয়ে অগ্রগতি উপস্থাপন করবেন এবং রোহিঙ্গারা যাতে ভোটার হতে না পারে সেব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। চেয়ারম্যান (সকল), ইউপি, রামু<br>২। উপজেলা নির্বাচন কর্মকর্তা, রামু, কক্সবাজার |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২৪. | রাবার বাগান | ব্যবস্থাপক, রাবার বাগান জানান, রাবার উৎপাদন অব্যাহত রয়েছে। কিছু সংঘবদ্ধ চক্র রাবার বাগানে উপদ্রব শুরু করেছে। তারা শ্রমিকদের বিভিন্ন সময়ে অতর্কিত হামলা করছে। তিনি এবিষয়ে অফিসার ইনচার্জ রামু থানাকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>ব্যবস্থাপক, রাবার বাগান জানান, রাবার উৎপাদন অব্যাহত রাখবেন। অফিসার ইনচার্জ, রামু থানা সংঘবদ্ধ চক্রের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ০১। ব্যবস্থাপক, রাবার বাগান, রামু, কক্সবাজার<br>০২। অফিসার ইনচার্জ, রামু থানা |
| ২৫. | হর্টিকালচার সেন্টার | সভায় সহকারী উদ্যান কর্মকর্তার প্রতিনিধি অনুপস্থিত থাকায় অগ্রগতি জানা যায়নি। আগামী সভায় উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।<br>সহকারী উদ্যান কর্মকর্তা, হর্টিকালচার সেন্টার আগামী সভায় উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপন করবেন। | উপ-সহকারী উদ্যান কর্মকর্তা, হর্টিকালচার সেন্টার, রামু, কক্সবাজার |
| ২৬. | বিএডিসি (সেচ) এবং বিএডিসি (বীজ) | উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ) কর্মকর্তা অনুপস্থিত থাকায় অগ্রগতি জানা যায়নি। আগামী সভায় নিয়মিত উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।<br>বিএডিসি (সেচ) কর্মকর্তা আগামী সভায় উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপন করবেন এবং উপজেলা কৃষি কর্মকর্তা ও উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ) স্কীম ম্যানেজারদের মনিটরিং করবেন। | বিএডিসি (বীজ) এবং বিএডিসি (সেচ) কর্মকর্তা, রামু |
| ২৭. | মানব পাচার সংক্রান্ত | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, নৌপথসহ বিভিন্ন উপায়ে অবৈধভাবে বিদেশে প্রবেশ করার ফলে আটকে পড়া বাংলাদেশী লোকদের পাসপোর্ট করা এবং দেশে ফেরত আনার বিষয়ে প্রাপ্ত আবেদন পত্রসমূহ সঠিকভাবে যাচাইপূর্বক প্রয়োজনীয় তথ্যাদিসহ প্রতিবেদন প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ, জাতীয়তা সনদ, জন্মসনদ, ওয়ারিশ সনদ এবং এলাকায় বসবাসরত জমি সংক্রান্ত তথ্যাদি ও আবেদনকারীর বিষয়ে সঠিক তথ্যাদি সন্নিবেশিত করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানান। প্রতিবেদন প্রাপ্তির পর আবেদনসমূহ জেলা প্রশাসক, কক্সবাজার মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করা হয় মর্মে সভায় জানান।<br>অফিসার ইনচার্জ, রামু থানা, স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ইউপি সচিবগণ অনলাইনে জন্মনিবন্ধন ও অন্যান্য কাগজপত্র যাচাই এবং ইউপি সদস্য/সদস্যা ও দফাদার মহল্লাদারদের মাধ্যমে সঠিক তথ্য সরেজমিনে যাচাইপূর্বক এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। অফিসার ইনচার্জ, রামু থানা<br>২। চেয়ারম্যান/সচিব, ইউনিয়ন পরিষদ (সকল), রামু, কক্সবাজার |
| ২৮. | পানি উন্নয়ন বোর্ড সংক্রান্ত | সভায় পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি উপস্থিত না থাকায় অগ্রগতি জানা যায়নি।<br>পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি আগামী সভায় উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপন করবেন। | প্রতিনিধি, পানি উন্নয়ন বোর্ড, কক্সবাজার |
| ২৯. | সড়ক ও জনপথ বিভাগ | সভায় সড়ক ও জনপদ বিভাগের প্রতিনিধি উপস্থিত না থাকায় অগ্রগতি জানা যায়নি।<br>আগামী সভায় নিয়মিত উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপন করবেন। | প্রতিনিধি, সড়ক ও জনপথ বিভাগ, কক্সবাজার |
| ৩০. | পল্লী বিদ্যুৎ সংক্রান্ত | সভায় পল্লী বিদ্যুতের প্রতিনিধি অনুপস্থিত থাকায় অগ্রগতি জানা যায়নি। আগামী সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br>পল্লী বিদ্যুতের প্রতিনিধি আগামী সভায় উপস্থিত হয়ে অগ্রগতি উপস্থাপন করবেন। | জেনারেল ম্যানেজার, কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি |
| ৩১. | **বিবিধঃ** উপজেলা পরিষদের স্থায়ী কমিটির কার্যক্রম সংক্রান্ত | সভায় উপস্থিত ভাইস চেয়ারম্যানদ্বয় জানান, স্থায়ী কমিটির সভা আহ্বান করা হচ্ছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার স্ব-স্ব বিভাগের প্রধানগণকে স্থায়ী কমিটির সভা আহ্বানের পর ০৭ দিনের মধ্যে সভার কার্যবিবরণী দাখিলের জন্য অনুরোধ জানান।<br>সমন্বয়কারী, এলজিসি এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | ১। সমন্বয়ক, এলজিসি, রামু<br>২। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার |
| ৩২. | ফায়ার বিগ্রেড সংক্রান্ত | সভায় লীডার, ফায়ার সার্ভিস জানান, বর্ষা মৌসুমের পূর্বে পাহাড়ের পাদদেশে বসবাসরত জনসাধারণকে দ্রুত সরিয়ে ফেলতে হবে। তিনি এবিষয়ে ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। শুষ্ক মৌসুমে দূর্যোগ মোকাবেলার জন্য ফায়ার বিগ্রেড সর্বদা প্রস্তুত রয়েছে। আগুন লাগার সাথে সাথে উক্ত স্থানে পৌঁছানোর জন্য রাস্তার সঠিক তথ্যসহ ফায়ার সার্ভিসকে জানানোর জন্য অনুরোধ জানান।<br>ইউপি চেয়ারম্যানগণ লীডার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সার্বক্ষণিক ফায়ার সার্ভিসের গাড়ি প্রস্তুত রাখবেন। আগুন লাগার সাথে সাথে রাস্তার তথ্যসহ ফায়ার সার্ভিসকে জানানোর ব্যাপারে ইউপি চেয়ারম্যানগণ জনগণকে সচেতন করবেন। | ১। লীডার, ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স, রামু<br>২। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার |
| ৩৩. | ওয়েব পোর্টাল সচল রাখা সংক্রান্ত আলোচনা | সহকারী প্রোগ্রামার ওয়েব পোর্টাল সচল রাখার জন্য স্ব-স্ব দপ্তর প্রধানকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার ই-ফাইলিং কার্যক্রম, প্রত্যেক ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে প্রতিদিনের আয়ের পরিমাণ, শিক্ষা প্রতিষ্ঠানের এমএমসি এর তথ্য প্রেরণ ও ওয়েব পোর্টালে তথ্য হালনাগাদকরণ ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম মনিটরিং এবং ত্রৈমাসিক সভার অগ্রগতি নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদসমূহের চিঠিপত্র উপজেলা নির্বাহী অফিসের ই-মেইল (unoramu@mopa.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ জানান।<br>উদ্যোক্তাগণ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ই-মেইলে (unoramu@mopa.gov.bd) প্রতিমাসের ১৫ তারিখ (পাক্ষিক) ও ৩০ তারিখ (মাসিক) আদায় বিবরনী সহকারী প্রোগ্রামার, রামু এর নিকট প্রেরণ করবেন। সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সকল জরুরী চিঠিপত্র/বিজ্ঞপ্তি ই-মেইলে ইউনিয়ন পরিষদে প্রেরণ/গ্রহণ করবেন এবং খোলা জানালায় প্রতিদিনের প্রাপ্ত চিঠিপত্রাদি উপজেলা নির্বাহী অফিসারের নিকট দৈনিক প্রতিবেদন উপস্থাপন করবেন। সকল দপ্তর প্রধানগণ এবং সহকারী প্রোগ্রামার, রামু, ই-ফাইলিং কার্যক্রম শুরু করবেন। | ১। উদ্যোক্তা, সকল ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার<br>২। সহকারী প্রোগ্রামার/তথ্য কর্মকর্তা, রামু, কক্সবাজার<br>৩। উপজেলা সকল কর্মকর্তা, রামু |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩৪. | রামু উপজেলার হাটবাজার সংক্রান্ত আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, আগামী ২৩/০৩/২০২১ খ্রি. তারিখ ১৪২৮ বাংলা সনের জন্য রামু উপজেলার হাট-বাজারসমূহ ইজারার দিন ধার্য রয়েছে। যেসকল হাট বাজার ১ম বার ইজারায় দরপত্র পাওয়া যাবে না সে সকল হাট বাজারের জন্য ২য় বার দরপত্র আহ্বান করা হবে। তিনি আরও জানান, আরকান সড়কের উভয় পাশের রাস্তা প্রশস্ত করার কারণে পঞ্চেখানা বাজার অন্যত্র স্থানান্তরের প্রয়োজন রয়েছে। এব্যাপারে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>সংশ্লিষ্ট কমিটি আগামী ২৩/০৩/২০২১ খ্রি. তারিখ ১৪২৮ বাংলা সনের হাট-বাজারসমূহ ইজারা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন এবং আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | ১। সংশ্লিষ্ট কমিটি<br>২। সহকারী কমিশনার (ভূমি), রামু, কক্সবাজার<br>৩। উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার |
| ৩৫. | উপজেলা পরিষদের রাত্রিকালীন নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের সকল দপ্তর প্রধানগণকে স্ব-স্ব দপ্তরের দিবা-রাত্রিকালীন নিরাপত্তা জোরদারের অনুরোধ জানান। অফিস প্রধানদেরকে স্ব-স্ব দপ্তরে কর্মরত সকল নিরাপত্তাপ্রহরী, অফিস গার্ড ও অফিস সহায়কদেরকে যৌথভাবে উপজেলা পরিষদে দিবা-রাত্রিকালীন নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা অনুরোধ জানান।<br><br>স্ব-স্ব অফিস/দপ্তরের প্রধানগণ যৌথভাবে রাত্রিকালীন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করবেন। অফিসার ইনচার্জ, রামু থানা উপজেলা পরিষদের নিরাপত্তা টহল জোরদার করবেন। | ১। উপজেলার সকল কর্মকর্তা, রামু, কক্সবাজার<br>২। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রামু, কক্সবাজার।<br>৩। অফিসার ইনচার্জ, রামু থানা |
| ৩৬. | নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সংক্রান্ত | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, খাদ্যে ভেজাল ও দূষণ রোধকল্পে মাঠ পর্যায়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে উপজেলা কৃষি কর্মকর্তা এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তার সার্বিক সহযোগিতা কামনা করেন। উপজেলা কৃসি কর্মকর্তা জানান, এবিষয়ে মাঠ পর্যায়ের কর্মকর্তাদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।<br><br>উপজেলা নির্বাহী অফিসার নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন এবং উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাদ্য গুদাম সার্বিক সহযোগিতা প্রদান করবেন | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাদ্য গুদাম, রামু, কক্সবাজার<br>২। উপজেলা কৃষি কর্মকর্তা, রামু<br>৩। উপজেলা নির্বাহী অফিসার, রামু |
| ৩৭. | সড়ক নিরাপত্তা কমিটি সংক্রান্ত আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার জাতীয় মহাসড়ককে নিরাপদ রাখার জন্য স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও অফিসার ইনচার্জ, রামু থানার সার্বিক সহযোগিতা কামনা করেন। সভায় এব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এবং উপজেলা প্রকৌশলী এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রামু<br>২। অফিসার ইনচার্জ, রামু থানা<br>৩। উপজেলা প্রকৌশলী |
| ৩৮. | জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ | উপজেলা নির্বাহী অফিসার জানান, অত্র উপজেলায় গত ১৫/০৩/২০২১ খ্রি. তারিখ ভোক্তা অধিকার দিবস অনুষ্ঠিত হয়েছে। তিনি আরও জানান, পবিত্র রামজান মাসকে সামনে রেখে অসাধু ব্যবসায়ীরা যাতে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম অন্যায় ভাবে বৃদ্ধি করতে না পারে সেজন্য অত্র উপজেলার হাট-বাজারে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম বৃদ্ধি রোধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের আওতায় নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে।<br><br>পবিত্র মাহে রমজানে দ্রব্য মূল্য বৃদ্ধি রোধে সহকারী কমিশনার (ভূমি), রামু নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করবেন এবং সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কক্সবাজার এবিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। | ১। সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কক্সবাজার<br>২। সহকারী কমিশনার (ভূমি), রামু, কক্সবাজার |
| ৩৯. | ইউনিয়ন পরিষদে ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা অনুষ্ঠান | সভায় উপজেলা নির্বাহী অফিসার সকল ইউনিয়ন পরিষদের মাসিক সমন্বয় সভায় শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, দূর্যোগ ব্যবস্থাপনাসহ শিশুদের জন্য স্বাস্থ্য সেবা এবং করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে করণীয় সম্পর্কে ও সামাজিক দূরত্ব বাজায় রাখার বিষয়ে প্রচার অভিযান এজেন্ডা হিসাবে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করেন। উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ জানান, এবিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।<br>স্ব-স্ব ইউপি চেয়ারম্যানগণ ইউনিয়ন পরিষদের মাসিক সমন্বয় সভায় শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, দূর্যোগ ব্যবস্থাপনাসহ শিশুদের জন্য স্বাস্থ্য সেবা এবং করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে করণীয় সম্পর্কে প্রচার অভিযান এজেন্ডা হিসাবে অন্তর্ভুক্ত করবেন। | ১। সংশ্লিষ্ট কমিটি<br>২। চেয়ারম্যান/সচিব, সকল ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার। |
| ৪০. | উপজেলায় ০১টি মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন সংক্রান্ত | সভায় উপজেলা প্রকৌশলী জানান, "প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে মডেল মসজিদ কমপ্লেক্স ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় মন্ডল পাড়া মাইমুন আলী কবরস্থান সংলগ্ন মসজিদের নির্মাণ কাজ চলমান। নির্মাণ কাজ তদারকি করা হচ্ছে।<br><br>উপজেলা প্রকৌশলী ও সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন নির্মাণ কাজ তদারকি করবেন। | ১। উপজেলা প্রকৌশলী<br>২। সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, রামু, কক্সবাজার |
| ৪১ | জন্মনিবন্ধন সংক্রান্ত আলোচনা | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, জন্মনিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। শিশুদের টিকার কার্ডের তথ্যের ভিত্তিতে জন্মনিবন্ধন করার নিয়ম রয়েছে। তাই টিকার কার্ড সংরক্ষণের ব্যাপারে জনগণকে সচেতন করার জন্য ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। সভাপতি কোন রোহিঙ্গা যাতে টিকার কার্ড সংগ্রহ করতে না পারে সে বিষয়ে স্বাস্থ্য পরিদর্শকদের প্রয়োজনীয় নির্দেশ দেয়ার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানান।<br><br>সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা রোহিঙ্গারা যাতে জন্মনিবন্ধন ও টিকার কার্ড সংগ্রহ করতে না পারে সেব্যাপারে সজাগ থাকবেন। | ০১। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, রামু<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রামু, |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪২ | এলজিসি প্রকল্প সংক্রান্ত আলোচনা | উপজেলা সমন্বয়কারী, এলজিসি জানান, উপজেলা পর্যায়ে শিশু অধিকার কেন্দ্রিক বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও বাজেট কর্মশালা শেষ হয়েছে। ইউনিয়ন পরিষদের স্থায়ী কমিটির সভা এবং উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসের সম্পন্ন করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।<br>সমন্বয়কারী, এলজিসি উপজেলা পর্যায়ে শিশু অধিকার কেন্দ্রিক বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও বাজেট কর্মশালা সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন এবং ইউনিয়ন পরিষদ চেয়ারমম্যান/সচিবগণ এব্যাপারে সহযোগিতা প্রদান করবেন। | ০১। সমন্বয়কারী, এলজিসি প্রকল্প, রামু<br>০২। চেয়ারম্যান/সচিব (সকল), ইউনিয়ন পরিষদ, রামু |
| ৪৩ | উপজেলা প্রশাসন কর্তৃক ছাত্র-ছাত্রীদের স্বপ্ন যাত্রা বাসের মাধ্যমে ভ্রমন সংক্রান্ত | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা প্রশাসন কর্তৃক ক্রয়কৃত স্বপ্ন যাত্রা গাড়িটি বিগত ৩০ ডিসেম্বর ২০১৯ খ্রি. উদ্বোধন করা হয়। বর্তমানে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় উক্ত কার্যক্রম সাময়িকভাবে স্থগিত রয়েছে।<br>উপজেলা প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন। | ০১। উপজেলা প্রাথমিক/মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ৪৪ | বিভিন্ন সরকারি পরিত্যক্ত ভবন ভেঙ্গে ফেলা সংক্রান্ত আলোচনা | সভায় উপজেলা প্রকৌশলী জানান, নিলামকৃত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পরিত্যক্ত ভবনসমূহ সরিয়ে ফেলা হচ্ছে। দরপত্র না পাওয়া ভবনসমূহের পুনরায় নিলাম দেয়া হচ্ছে। তিনি অন্যান্য বিভাগের পরিত্যক্ত ভবনসমূহ ভেঙ্গে ফেলার জন্য স্ব-স্ব উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় জানান।<br>উপজেলা প্রকৌশলী পরিত্যক্ত ভবন দ্রুত সরিয়ে ফেলবেন এবং স্ব-স্ব দপ্তরের প্রধানগণ পরিত্যক্ত ভবন নিলামের বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুসরণ করবেন। | ০১। স্ব-স্ব বিভাগের প্রধানগণ<br>০২। উপজেলা প্রকৌশলী, রামু |
| ৪৫ | ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী উদ্‌যাপন সংক্রান্ত আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার জানান, মুজিব শতবর্ষর এই মাহেন্দ্রক্ষণে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২১ এবং স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানসমূহে উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা এবং উপজেলার সকল কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতি নিশ্চিত করার জন্য স্ব-স্ব দপ্তর প্রধানকে অনুরোধ জানান। তিনি ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উদ্‌যাপনের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর 'খ' অনুচ্ছেদে মোতাবেক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের অনুরোধ জানান। সভায় তা সর্বসম্মতভাবে অনুমোদন দেয়া হয়। উপজেলা প্রকৌশলী এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২৬ মার্চ মহান স্বাধীনতা দিবসের প্রতিটি অনুষ্ঠানে সকল কর্মকর্তা/কর্মচারী উপস্থিত থাকবেন। উপজেলা প্রকৌশলী ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বিধি মোতাবেক ব্যয় করবেন। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার<br>০২। উপজেলা প্রকৌশলী, রামু, কক্সবাজার |
| ৪৬ | পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার জানান, মুজিব বর্ষ উপলক্ষে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর" এর কার্যক্রমে সকল দপ্তর এবং সকল স্তরের জনগণকে সম্পৃক্ত করে যথাসম্ভব বিদ্যামান সম্পদ ও সুবিধাসমূহের সর্বোচ্চ ব্যবহার ও সুষ্ঠু সমন্বয়ের মাধ্যমে এ কার্যক্রমটি বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। এবিষয়ে প্রত্যেক ইউনিয়নের সদর ০১টি ওয়ার্ডকে চিহ্নিত করে প্রস্তুতি গ্রহণের জন্য নির্দেশনা রয়েছে। সভায় উপস্থিত চেয়ারম্যানগণ উপজেলা প্রকৌশলীর সাথে আলোচনা করে এবিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভায় অবহিত করেন।<br>সকল বিভাগীয় কর্মকর্তা এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ০১। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার<br>০২। সকল বিভাগীয় কর্মকর্তা, রামু, কক্সবাজার |
| ৪৭ | রোহিঙ্গা সংক্রান্ত | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, রোহিঙ্গারা ইউনিয়ন পরিষদ হতে জন্ম নিবন্ধন সংগ্রহের চেষ্টা করতে পারে। তাই সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সতর্ক থাকার জন্য অনুরোধ জানান। রোহিঙ্গারা স্থানীয় বাংলাদেশী নাগরিকদের সাথে বিবাহে জড়িয়ে পড়তে না পারে এবং তাদেরকে বাসা ভাড়া না দেয়ার জন্য স্ব-স্ব এলাকায় কর্মরত দফাদার মহল্লাদার এবং ইউনিয়ন পরিষদ সদস্য/সদস্যা ও চেয়ারম্যানদেরকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানান। এলাকায় কোন রোহিঙ্গা পরিচয় গোপন রেখে অবস্থান করলে এবং নাগরিকত্ব ও ভোটার হওয়ার ব্যাপারে কোন তথ্য প্রমাণ/সন্ধান থাকলে বিষয়টি তাৎক্ষণিক অফিসার ইনচার্জ, রামু থানাকে অবহিত করার জন্য অনুরোধ জানান।<br>অফিসার ইনচার্জ, রামু থানা, উপজেলা নির্বাচন কর্মকর্তা, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাগণ ও ইউপি সচিবগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। চেয়ারম্যান/সচিব/উদ্যোক্তা, সকল ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার<br>২। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রামু, কক্সবাজার<br>৩। উপজেলা নির্বাচন কর্মকর্তা, রামু<br>৪। অফিসার ইনচার্জ, রামু থানা |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪৮ | অনুপস্থিত বিভাগসমূহ | সভাপতি মাসিক সাধারণ সভায় সকল কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ জানান। সভায় উপজেলা সড়ক ও জনপদ বিভাগের প্রতিনিধি, পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি অনুপস্থিত রয়েছেন। সভায় অনুপস্থিত কর্মকর্তাগণ আগামী সভা হতে প্রতিনিধি ব্যতীত নিয়মিত উপস্থিত থাকবেন।<br>স্ব-স্ব বিভাগের বিভাগীয় প্রধানগণ, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। স্ব-স্ব বিভাগীয় প্রধানগণ<br>২। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার |

অত:পর সভাপতি রামু উপজেলার সার্বিক উন্নয়নের নিমিত্ত এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সকল কর্মকর্তা ও স্ব-স্ব ইউপি চেয়ারম্যানদের সমন্বয়ের প্রয়োজন রয়েছে মর্মে অভিমত ব্যক্ত করেন। তিনি সকল দপ্তর প্রধান ও ইউপি চেয়ারম্যানগণসহ সকলকে সমন্বিত প্রচেষ্টায় দক্ষতার সাথে বিভাগীয় কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ জানান।

অদ্যকার সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৩/২১

সোহেল সরওয়ার কাজল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
রামু, কক্সবাজার

স্মারক নং: ০৫.২০.২২১৬.২২৬৬.০৪.০৫.২১- ২৫৩ তারিখ: ২২ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৬, কক্সবাজার -৩ ও উপদেষ্টা, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, রামু, কক্সবাজার।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। {দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, উপজেলা- ১ শাখা}
৩। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১২০৭।
৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো :

৮। সিভিল সার্জন, কক্সবাজার/নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ/পানি উন্নয়ন বোর্ড/এলজিইডি/ উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা/উপ-পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স/কক্সবাজার বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/বিভাগীয় বন কর্মকর্তা, উত্তর/দক্ষিণ/জেনারেল ম্যানেজার, কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, কক্সবাজার/সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কক্সবাজার।
৯। ..........................................................................................................................।
১০-১১। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার।
১২। উপজেলা....................................................কর্মকর্তা (সকল), রামু, কক্সবাজার।
১৩। চেয়ারম্যান.................................................ইউনিয়ন পরিষদ (সকল), রামু, কক্সবাজার।
১৪। জনাব..........................................................................................।
১৫। অফিস কপি।

২২-০৩-২১

উপজেলা নির্বাহী অফিসার
রামু, কক্সবাজার